গাংনীতে ফলের ক্যারেটে মিললো ১৩৫ বোতল ফেনসিডিল, যুবক আটক

১৩৫ বোতল ভারতীয় ফেনসিডিলসহ জনি(২১) নামের এক কিশোরকে আটক করেছে গাংনীর বামন্দী পুলিশ ক্যাম্প।

আজ সোমবার (১৯ ফেব্রুয়ারি) সকাল ১০ টার সময় গাংনী উপজেলার বামন্দী বাসস্ট্যান্ডের ওয়াল্টন শো-রুমের সামনে অভিযান চালিয়ে তাকে ফেনসিডিলসহ আটক করা হয়।

আটক জনি কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার বাহিরমাদি গ্রামের আব্দুল গনি মন্ডলের ছেলে।

গোপন সংবাদের ভিত্তিতে বামন্দী পুলিশ ক্যাম্পের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) শরীফের নেতৃত্বে পুলিশের একটি টিম অভিযান চালিয়ে তাকে আটক করেন।

এসআই শরীফ জানান, ফেনসিডিলের একটি চালান ঢাকার উদ্দেশ্য যাচ্ছে এমন সংবাদ পেয়ে বামন্দী বাসস্ট্যান্ডে অভিযান চালানো হয়। ঢাকার উদ্দেশ্য যাওয়ার জন্য ফেনসিডিল ভর্তি ফলের ক্যারেট নিয়ে বাসস্ট্যান্ডে অপেক্ষা করছিলো জনি।

ফেনসিডিল উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে গাংনী থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। এই মামলার আসামি জনিকে আজ সোমবার দুপুরের দিকে আদালতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে পুলিশের অভিযানে গাঁজাসহ একজন আটক

১০০ গ্রাম গাঁজাসহ আলাউদ্দিন ওরফে আলা (৫০) নামের এক মাদক কারবারী আটক করেছে গাংনী থানা পুলিশ।

আলাউদ্দিন গাংনী উপজেলার হিন্দা গ্রামের ভিটাপাড়া এলাকার পাচু মন্ডলের ছেলে।

গতকাল রবিবার রাত সাড়ে আটটার দিকে তার নিজ বাড়িতে পুলিশ অভিযান চালিয়ে তাকে ১০০ গ্রাম গাঁজাসহ আটক করেন।

গাংনী থানার তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী এই তথ্য নিশ্চিত করেন।

গোপন সংবাদের ভিত্তিতে গাংনী থানার উপপরিদর্শক (এসআই) শাহীন মিয়া সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে আটক করেন।

এই ঘটনায় পুলিশের পক্ষ থেকে গাংনী থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটা নিয়মিত মামলা দায়ের করা হয়েছে। আসামি আলাউদ্দিনকে আজ সোমবার সকালের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে বলে জানান তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী।

গাংনীতে মাদক মামলার যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি গ্রেফতার

মাদক মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি মো: কাবেল হোসেন ওরফে কাবিল (৬০) গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

গতকাল রবিবার দিবাগত রাত সাতটার দিকে তার নিজ বাড়ি হাড়াভাঙ্গা গ্রামে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে পুলিশ।

গ্রেফতারকৃত কাবিল গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের ফরাজীপাড়া এলাকার মৃত আমির ফরাজীর ছেলে।
গাংনী থানার তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী এই তথ্য নিশ্চিত করেছেন।

তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দীর নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) আলী শেখ ও সঙ্গীয় ফোর্স গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করেন।

কাবেল হোসেন ওরফে কাবিলের বিরুদ্ধে কুষ্টিয়া জেলার দৌলতপুর থানার মামলা ৩৭ নম্বর মামলা, তারিখ ২৯/০৮/১৮ মামলায় কুষ্টিয়ার জেলা ও দায়রা জ্বজ আদালতের বিচারক তাকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমান করেন। ওই সময় থেকে পলাতক ছিলেন কাবেল হোসেন।

গ্রেফতাকৃত কাবেল হোসেনকে আজ সোমবার সকালের দিকে কুষ্টিয়া আদালতে নেওয়া হবে।

গাংনীর সাহারবাটি চারচারা বাজার কমিটির ত্রি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত

গাংনী উপজেলার সাহারবাটি চারচারা বাজারে ত্রী-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। আজ শানিবার (১৭ ফেব্রুয়ারি) সাহারবাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সকাল ৯টা থেকে ভোট গ্রহন শুরু হয়ে বিরতিহীন ভোট প্রদান চলে দুপুর ২টা পর্যন্ত।

পরে ভোট গনণা শেষে নির্বাচনী ফলাফল ঘোষনা করেন ভোট পরিচালনা কমিটির প্রধান গাংনী বাজার কমিটির সভাপতি মো: সালাহউদ্দিন শাওন। নির্বাচনে বাজারের ব্যবসায়ী মো: মহিন আলী (চাকা) মার্কায় ৯০ ভোট পেয়ে সভাপতি এবং জয়নাল আবেদীন (ছাতা) মার্কায় ১২৫ ভোট পেয়ে সাধারণ সম্পাদক নির্বাচতি হয়েছেন। তাদের প্রতিদ্বন্দী প্রার্থী সভাপতি পদে আতাউর রহমান টোকন-(আনারস) মার্কাায় পেয়েছেন ৮৫ ভোট এবং সম্পাদক পদে প্রতিদ্বন্দী প্রার্থী মো: সাইফুল ইসলাম(তালা) মার্কায় পেয়েছেন-৫১ ভোট।

১৭৯ জন ভোটারের মধে ১৭৮জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ বাজার পরিচালনা কমিটির কার্যনির্বাহী কমিটি নির্বাচিত করেছেন। সহ-সভাপতি পদে মো: রাকিব হোসেন (কাপ-পিরিচ) মার্কায় ১৩২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছে। তার প্রতিদ্বন্দী প্রার্থী বিল্লাল হোসেন (মোটরসাইকেল) মার্কায়

পেয়েছেন-৪৪ ভোট। যুগ্ম সাধারণ সম্পাদক পদে মো: হামিদুল ইসলাম (অটোবাইক) মার্কাায় ১০১ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার নিকটম প্রদিদ্বন্দী প্রার্থী তারেক হোসেন (টেবিলফ্যান) মার্কায় পেয়েছেন ৭২ ভোট। কোষাধক্ষ পদে মো: তুহিন আলম (গোলাপ ফুল) মার্কায় ১০০ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন এবং তার প্রতিদ্বন্দী প্রার্থী সাইদুল রহমান (ফুটবল) মার্কায় পেয়েছেন ৭৫ ভোট।
শতভাগ অংশ গ্রহনমুলক সাহারবাটি চারচারা বাজার কমিটির ত্রি-বার্ষিক নির্বাচনে নিরাপত্তার দায়িত্বে ছিলেন গাংনী থানা পুলিশের একটি টীম এবং স্থানীয় আনসার সদস্যরা। নির্বাচনী ফলাফল ঘোষনাকালে বাজার কমিটির আহবায়ক ইয়াসিন আলী, বাজারের প্রবীণ ব্যবসায়ী, স্থানীয় গন্যমান্য ব্যক্তিসহ নির্বাচন পরিচালনায় দায়িত্বরত ব্যক্তিরা উপস্থিত ছিলেন। পরে বিজয়ীদের গলায় ফুলের মালা দিয়ে অভিনন্দন জানান বাজারের ব্যবসায়ীরা।

গাংনীতে নারীদের মাঝে মহিলা বিষয়ক অফিসের ঋণের চেক বিতরণ

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা বলেছেন, সংসারের সচ্ছলতা ফেরাতে পুরুষের পাশাপাশি নারীরাও এগিয়ে আসছেন। সরকার পিছিয়ে পড়া নারীদের ঋণসহ বিভিন্ন সুযোগ সুবিধা দিয়ে এগিয়ে নিচ্ছে। সরকারের দেওয়া ঋণের টাকা সঠিক উপায়ে ব্যবহার করে আয় বৃদ্ধি করতে হবে।

গ্রামীণ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণের চেক বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা এসব কথা বলেন।

আজ বৃহস্পতিবার (১৫ ফেব্রুয়ারি) বিকালে গাংনী উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত ঋণের চেক বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা মহিলা বিষয়ক অফিসার নাছিমা খাতুন।

গাংনী উপজেলা মহিলা বিষয়ক অফিসের উদ্যোগে এই উপজেলার বিভিন্ন এলাকার ১৫ জন দরিদ্র নারীর মাঝে ৪ লাখ ২৫ হাজার টাকার চেক বিতরণ

করা হয়। এদের মধ্যে গরু পালনের জন্য দুই নারীকে গাভী পালনের জন্য পঞ্চাশ হাজার টাকা করে ও ১৩ জন নারীকে ক্ষুদ্র ব্যবসার জন্য ২৫ হাজার করে ঋণের চেক দেওয়া হয়েছে।

এ সময় গাংনী উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টু, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও দৈনিক ইত্তেফাক পত্রিকার প্রতিনিধি আমিরুল ইসলাম অল্ডাম, বাংলানিউজের জেলা প্রতিনিধি জুলফিকার আলী কানন, মানবজমিন প্রতিনিধি সাহাজুল সাজু উপস্থিত ছিলেন।

গাংনীতে মাঠ দিবস অনুষ্ঠিত

গাংনীর পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) কর্তৃক সমন্বিত কৃষি ইউনিটভুক্ত মৎস্যখাতের আওতায় করমদি গ্রামে মাঠ দিবসের আয়োজন করা হয়েছে।

অনুপুষ্টি সম্পন্ন দেশীয় ছোট প্রজাতির মাছ চাষ প্রযুক্তির ওপর আয়োজিত উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এলাকার মৎস্য চাষী ও সংস্থার কর্মকর্তাবৃন্দ।

এ সময় সদস্য পর্যায়ে সচেতনতা ও প্রতিরূপায়ন বৃদ্ধির লক্ষ্যে সফল খামারীর খামার পরিদর্শনসহ প্রত্যাশিত লাভের হিসাব সরেজমিনে দেখানো হয়। উপস্থিত চাষীদের পুকুরে দেশি মাছ চাষের গুরুত্ব, গুণগত মানসম্পন্ন পোনার চাষ, পোনার প্রাপ্তি স্থানসহ অন্যান্য বিষয়ে আলোকপাত করা হয়। এছাড়াও পুকুর ব্যবস্থাপনায় বিবেচ্য বিষয়সমূহ তুলে ধরা হয়। উক্ত কার্যক্রমে আর্থিকভাবে সহায়তা করছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

গাংনীতে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির উদ্যোগে হুইল চেয়ার বিতরণ

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি(পিএসকেএস) এর উদ্যোগে ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে গাংনীর তেঁতুলবাড়ীয়া ইউনিয়নে প্রবীণ জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় হুইল চেয়ার প্রদান হয়েছে।

আজ বুধবার (১৪ ফেব্রুয়ারি) তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের মোট ৫ জন শ্রেষ্ঠ প্রবীণ এবং ৫ জন শ্রেষ্ঠ সন্তানকে সম্মাননা প্রদান করা হয় এছাড়াও ২ জন অসহায় পঙ্গু ব্যাক্তিকে হুইল চেয়ার প্রদান করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি (পিএসকেএস) এর সভাপতি মোঃ রমজান আলী, ইউনিয়ন প্রবীণ কমিটির সভাপতি মোঃ আব্দুল লতিব, তেঁতুলবাড়িয়া ইউনিয়নের চেয়ারম্যান মোঃ নাজমুল হুদা বিশ্বাস, ইউনিয়ন সমাজকর্মী মোঃ সাদ্দাম হোসেন ও এসডিও সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারি মোঃ জামিদুল ইসলাম প্রমুখ।

গাংনীর কাথুলীতে নবনির্বাচিত এমপি নাজমুল হক সাগরকে গণসংবর্ধনা

গাংনীর কাঁথুলী ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে ৭৪ মেহেরপুর ২ গাংনী আসনের নবনির্বাচিত এমপি আবু সালেহ মোঃ নাজমুল হক সাগরকে গণসংবর্ধনা প্রদান করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) বিকেল ৩ টার সময় কাথুলী ইউনিয়ন পরিষদ চত্বরে এ সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

করেছে আমি বলব ভেদাভেদ ভুলে গিয়ে প্রতিহিংসা দূরে রেখে আগামীর গাংনীর সর্বোচ্চ উন্নয়ন ঘটাতে আপনারাও আমাদের সাথে অংশ নিন একটি মডেল গাংনী উপহার দিতে আমি আপনাদের সাথে নিয়ে কাজ করতে চাই। তাই আসুন আমরা কাধে কাধ মিলিয়ে এক সাথে বঙ্গবন্ধুর সোনার বাংলা বাস্তবায়ন করি। আপনারা পাশে থাকলে আগামী দিনে গাংনী হবে স্মার্ট গাংনী, আগামী দিনে গাংনী হবে একটি মডেল গাংনী, আগামী দিনে গাংনী হবে বাংলাদেশের অন্যতম উপজেলা যে উপজেলা বাংলাদেশের মানুষের কাছে পরিচিত পাবে। তাই আপনারা যদি আমার পাশে থাকেন আপনাদের সাথে নিয়ে এই গাংনীর স্কুল, কলেজ, প্রাথমিক বিদ্যালয়, রাস্তাঘাট, মসজিদ, মাদ্রাসা, ব্রীজ, কালভার্ট থেকে শুরু করে প্রতিটি ক্ষেত্রে উন্নয়নের ছোয়া লাগাতে চাই।

গাংনীতে পিএসকেএসের উদ্যোগে নিরাপদ খাদ্য দিবস উদযাপন

স্বাস্থ্য, পুষ্টি ও সমৃদ্ধি চাই নিরাপদ খাদ্যের বিকল্প নাই” এ প্রতিপাদ্যে মেহেরপুর গাংনীতে জাতীয় নিরাপদ খাদ্য দিবস ২০২৪ উদযাপিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে আজ মঙ্গলবার বিকেলে পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির প্রধান কার্যালয়ে রচনা, কুইজ ও চিত্রাঙ্কন প্রতিযোগীতা এবং আলোচনা সভার আয়োজন করে পিএসকেএস।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা। বিশেষ অতিথি ছিলেন, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ ইমরান হোসেন, উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা ইশরাত জাহান।

আলোচনা শেষে রচনা, কুইজ ও চিত্রাঙ্কন প্রতিযোগীতায় অংশ গ্রহন করে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ও বিআর লাইসিয়াম স্কুলের শিক্ষার্থীরা। এসময় বিজয়ীদের হাতে পুরুস্কার তুলে দেন অতিথিবৃন্দ।

পিএসকেএস এর কৃষি ইউনিটের সহযোগীতায় নিরাপদ খাদ্য দিবসের অনুষ্ঠানে পিএসকেএস এর কৃষি অফিসার মাসুদ রানাসহ অন্যান্য কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন।

গাংনীতে আশ্রয় নারী উন্নয়ন সংস্থার উদ্যোগে শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ

“ভাল থাকা ও ভালো রাখা” শ্লোগান নিয়ে গাংনীতে “আশ্রয় নারী কল্যাণ সংস্থা”র উদ্যোগে অসহায় শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

আজ মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) দুপুরে গাংনী উপজেলার হিজলবাড়িয়া গ্রামে সংস্থার কার্যালয়ে সাহারবাটি ইউনিয়নের শতাধিক অসহায় দরিদ্র নারী পুরুষের মাঝে এই শীতবস্ত্র বিতরণ করা হয়।

আশ্রয় নারী উন্নয়ন সংস্থা’ র সহসভাপতি ঝুমুর আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা।

বিশেষ অতিথি ছিলেন গাংনী সরকারি ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার (পিআইও) নিরাঞ্জন চক্রবর্তী, গাংনী উপজেলা মহিলা বিষয়ক অফিসার নাছিমা খাতুন, উপজেলা সমাজ সেবা অফিসার আরশাদ আলী।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সংস্থার নির্বাহী পরিচালক আজিজুল হক রানু।

আশ্রয় নারী উন্নয়ন সংস্থার সাধারণ সম্পাদক রাহিয়া রাহির সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সাহারবাটি ইউনিয়ন পরিষদের ৫ নং ওয়ার্ডের সদস্য (মেম্বর) রিপন হোসেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা বলেন, নিজ নিজ যায়গা থেকে অসহায় মানুষের পাশে দাঁড়ানোর উচিৎ। শুধু সরকারি সাহায্য সহযোগীতা নয়, অসহায় দরিদ্র মানুষের

পাশে দাঁড়াতে সমাজের বিত্তবানদের এগিয়ে আসতে হবে। টাকার দিক দিয়ে নয়, যারা মনের দিক থেকে বড় তাদেরকেই বড় হিসেবে দেখতে হবে।

প্রধান অতিথি প্রীতম সাহা আরও বলেন, আমাদের সন্তানদের লেখাপড়া শেখাতে হবে। তারাও যেনো বড় হয়ে মানুষের পাশে দাঁড়াতে পারে। নিজ নিজ সন্তানকে মাদক, ইভিটিজিং, সন্ত্রাস ও বাল্য বিবাহমুক্ত রাখার অনুরোধ করেন তিনি এবং সবাই মিলে গাংনীকে বাসযোগ্য, মানবিক ও সুন্দর উপজেলা গড়ে তুলতে হবে বলে জানান।

উল্লেখ, আশ্রয় নারী উন্নয়ন সংস্থা ও উপজেলা প্রশাসনের উদ্যোগে সাহারবাটি ইউনিয়নের শতাধিক অসহায় দরিদ্র নারী পুরুষের মাঝে এই শীতবস্ত্র বিতরণ করা হয়।